রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৬ সনের ১৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১২, ২০১৬

সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৫৫—৩৭৪ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ২১—২২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৮৭—৪২৭ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৫—৭৪ | (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৬১—৫৮৬ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বীমা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ ফেব্রুয়ারি ২০১৬

**নং ৫৩.০০.০০০০.৪১১.১১.০০১.১৬-৪৯**—বীমা কর্পোরেশন আইন ১৯৭৩ এর ধারা ৮ মোতাবেক সাধারণ বীমা কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক পদ পূরণের লক্ষ্যে উপর্যুক্ত প্রার্থী বাছাইয়ের জন্য নিম্নোক্ত সার্চ কমিটি (Search Committee) গঠন করা হলো:

**সভাপতি**

(১) ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন, চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, সাধারণ বীমা কর্পোরেশন

**সদস্যবৃন্দ**

(২) জনাব মোঃ কুদ্দুস খান, সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

(৩) জনাব মোঃ ফজলুল হক, অতিরিক্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

(৪) অধ্যাপক মমতাজউদ্দিন আহমেদ, হিসাব বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি বিভাগ, বিজনেস স্টাডিজ অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সদস্য, পরিচালনা পর্ষদ, বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমী।

**সদস্য-সচিব**

(৫) উপ মহা-ব্যবস্থাপক (হিউম্যান রিসোর্সেস), সাধারণ বীমা কর্পোরেশন।

**২। কমিটির কার্যপরিধি হবে নিম্নরূপ ঃ**

(ক) কমিটি উপযুক্ত প্রার্থী বাছাইয়ের লক্ষ্যে প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাদি উল্লেখ করে দু'টি দৈনিক পত্রিকায় (একটি বাংলা ও একটি ইংরেজি) বিজ্ঞপ্তি প্রকাশ করবে;

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত| website: www.bgpress.gov.bd

(খ) প্রার্থী বাছাইকালে কমিটি ‘বীমা কোম্পানী (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২’ এর ৩ নং প্রবিধি যথাসম্ভব অনুসরণ করবে;

(গ) কমিটিকে নিশ্চিত করতে হবে যে প্রস্তাবিত প্রার্থীর বয়স চুক্তির মেয়াদ শেষে ৬২ বছরের বেশী হবে না;

(ঘ) কমিটি প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা বিবেচনায় নিয়ে বেতন ভাতা বিষয়ে সুপারিশ করবে; এবং

(ঙ) কমিটি সাধারণ বীমা কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক হিসারে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে অন্ততঃ ৩ জনের নাম প্রস্তাব করে বিজ্ঞাপন প্রকাশ পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব বরাবর রিপোর্ট প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শফিকুল ইসলাম**
যুগ্ম সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**

**অফিস আদেশ**

তারিখ, ০৭ ফেব্রুয়ারি ২০১৬

**বিষয় ঃ সহযোগী প্রতিষ্ঠানের নামে কোন মামলা/দাবীনামা থাকলে নতুন বন্ড লাইসেন্স প্রদানের বিষয়ে দিক নির্দেশনা প্রদান প্রসঙ্গে।**

**নং ৩(৪) শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০০২/৭২**—দেশের অর্থনৈতিক অগ্রযাত্রা অব্যাহত রাখা এবং বন্ড সুবিধার অপব্যবহার রোধের লক্ষ্যে বর্তমানে খেলাপি বন্ডারগণকে চিহ্নিত করে তাদের বিরুদ্ধে জাতীয় রাজস্ব বোর্ড থেকে নজরদারী বাড়ানো হয়েছে। নজরদারী নিবিড় রাখার স্বার্থে এ সময়ে একজন বন্ডারের বিরুদ্ধে অনিষ্পন্ন মামলা থাকলে (দাবীনামা/২০২ ধারা/সার্টিফিকেট মামলা থাকলে অথবা বন্ডারের কোন দাবীনামার বিরুদ্ধে কোন আদালতে কোন মামলা বিচারাধীন থাকলে) সে প্রতিষ্ঠানের কোন পরিচালককে লাইসেন্স দেয়া সমীচীন হবে না।

২। তবে, কোন বিশেষ ক্ষেত্রে একজন Bonafide পরিচালক, অপর একজন খেলাপি পরিচালকের কারণে ব্যবসা করতে ব্যর্থ হলে বিষয়টি সুষ্ঠুভাবে তদন্ত করে সংশ্লিষ্ট কমিশনারেট সুপারিশ করলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সেটি পর্যালোচনা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করা হবে।

৩। The Customs Act, 1969 এর Section 13(2)(a)-এর সঙ্গে পঠিতব্য Section 219(B)-এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব রোর্ড এ আদেশ জারি করছে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মুহাম্মদ ইমতিয়াজ হাসান**
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানি ও বন্ড)।

**পানি সম্পদ মন্ত্রণালয়**

**উন্নয়ন-২ অধিশাখা**

**সংশোধিত প্রজ্ঞাপন**

তারিখ, ০২ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ/১৪ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪২.০৩৫.০১৪.০৩.০১.০৯৭.২০১৫-৪৪**—বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন “বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ী ও পার্শ্ববর্তী এলকা সংরক্ষণের লক্ষ্যে পদ্মা নদীর ডানতীর সংরক্ষণ” শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন সমস্যা, সমাধান ও সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে নিম্নোক্তভাবে স্টিয়ারিং কমিটি পুনঃগঠন করা হলোঃ

**সভাপতি**

(১) সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়

(৩) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(৪) যুগ্ম-সচিব (উন্নয়ন-১), পানি সম্পদ মন্ত্রণালয়

(৫) যুগ্ম-প্রধান, পানি সম্পদ মন্ত্রণালয়

(৬) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(৭) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(৮) উপ-সচিব (উপ-২), পানি সম্পদ মন্ত্রণালয়

(৯) উপ-প্রধান-২, পানি সম্পদ মন্ত্রণালয়

(১০) সেচ ইউং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(১১) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(১২) কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা-এর একজন উপযুক্ত প্রতিনিধি

(১৩) প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, ফরিদপুর

**সদস্য-সচিব**

(১৪) প্রকল্প পরিচালক, “বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ী ও পার্শ্ববর্তী এলকা সংরক্ষণের লক্ষ্যে পদ্মা নদীর ডানতীর সংরক্ষণ” শীর্ষক প্রকল্প

**সদস্যবৃন্দ**

(১৫) নির্বাহী প্রকৌশলী, কুষ্টিয়া পওর বিভাগ, কুষ্টিয়া

(১৬) সহকারী প্রধান, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

**কমিটির কার্যপরিধি ঃ**

(ক) প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;

(খ) প্রকল্প বাস্তবায়নে সমস্যা সমাধানে দিক নির্দেশনা;

(গ) বিবিধ।

২। কমিটি প্রতি তিন মাসে অন্তত একবার সভা আহবান করে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে। তবে জরুরী প্রয়োজনে যে কোন সময় সভা আহবান করা যাবে।

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**অধিশাখা ঃ ২২ (উন্নয়ন-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ মাঘ ১৪২২/৩১ জানুয়ারি ২০১৬

**নং ৩৭.০৩.০০০০.০৮৩.২৭.০৪০.১৫-৫০**—কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন ঝালকাঠী টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঝালকাঠী-এর ইন্সট্রাক্টর (বাংলা) জনাব মোঃ ইমদাদুল হক গত ১৪ আগস্ট ২০১৪ তারিখ হতে ০৪ মে ২০১৫ তারিখ পর্যন্ত বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তার এ অনুপস্থিতির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ১৩ অক্টোবর ২০১৫ তারিখের ৩৭.০৩.০০০০.০৮৩.২৭.০৪০.১৫-৫৩০ সংখ্যক স্মারকের মাধ্যমে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও (সি) বিধিতে বর্ণিত যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)' এর অভিযোগে তার নিকট অভিযোগ নামা প্রেরণ করা হয়। তিনি গত ২৫ অক্টোবর ২০১৫ তারিখে অভিযোগ নামার জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন। গত ১০ জানুয়ারি ২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

২। অভিযুক্তের জবাব ও ব্যক্তিগত শুনানীকালে উভয় পক্ষের সাক্ষ্য প্রমাণাদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৪(২)(এ) বিধি মোতাবেক তাকে 'তিরস্কার (Censure)' দন্ড প্রদানসহ অননুমোদিত অনুপস্থিত কালকে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করার সিদ্ধান্ত গ্রহীত হয়।

৩। সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৪(২)(এ) বিধি মোতাবেক কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন ঝালকাঠী টেকনিক্যাল স্কুল ও কলেজ, ঝালকাঠী-এর ইন্সট্রাক্টর (বাংলা) জনাব মোঃ ইমদাদুল হক-কে 'তিরস্কার (Censure)' দন্ড প্রদান করা হলো। তার অননুমোদিত অনুপস্থিত কালকে অর্থাৎ গত ১৪ আগস্ট ২০১৪ তারিখ হতে ০৪ মে ২০১৫ তারিখ পর্যন্ত মোট ৯ (নয়) মাস ২১ (একুশ) দিন অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। তবে ভবিষ্যতে একই ধরণের ঘটনার পুনরাবৃত্তি ঘটলে কঠোরতম ব্যবস্থা গ্রহণ করা হবে।

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**আদেশ**

তারিখ, ২০ মাঘ ১৪২২/০২ ফেব্রুয়ারি ২০১৬

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-৬/২০১৫-৩০৩**—যেহেতু, বেগম সালমা খাতুন, উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), কেশবপুর, যশোর (প্রাক্তন কর্মস্থল সদর, মাগুরা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণের অভিযোগে গত ১৭ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-০৬/২০১৫-৩৭ নং স্মারকে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং বিষয়টি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি; এবং

যেহেতু, তার লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগী মামলা চলার মত উপযুক্ত ভিত্তি নেই;

সেহেতু, বেগম সালমা খাতুন, উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), কেশবপুর, যশোর (প্রাক্তন কর্মস্থল সদর, মাগুরা)-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) বিধি মোতাবেক উক্ত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হল।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হ'ল।

**মোঃ হুমায়ুন খালিদ**
সচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**

**শাখা-জামস**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৩ ফেব্রুয়ারি ২০১৬

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-১)/১১**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক নীলফামারী এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার নীলফামারী জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সদস্যদের নাম ও ঠিকানা | মন্তব্য |
|---|---|---|
| (১) | রাবেয়া আলীম, স্বামী-মৃত আলীম উদ্দিন, সাং-নতুন বাবুপাড়া, উপজেলা-সৈয়দপুর, জেলা-নীলফামারী। | চেয়ারম্যান |
| (২) | হাসিনা আহমেদ, স্বামী-মৃত আবছার আলী আহমেদ, উপজেলা ও জেলা-নীলফামারী। | সদস্য |
| (৩) | তাসকিনা রহমান, স্বামী-আলহাজ্ব মোঃ আতিয়ার রহমান, সাং-শহীদ আলী হোসেন সড়ক, উপজেলা ও জেলা-নীলফামারী। | সদস্য |
| (৪) | বিলকিস আরা বেগম, স্বামী-মোঃ মোশাররফ হোসেন (বাউ), সাং-১১০/সবুজপাড়া, উপজেলা ও জেলা-নীলফামারী)। | সদস্য |

| ক্রমিক নং | সদস্যদের নাম ও ঠিকানা | মন্তব্য |
|---|---|---|
| (৫) | জাহানারা জলী, স্বামী-মোঃ আবু মুছা আনিছুর রহমান, সাং-১১৯/খয়রাত হোসেন মার্কেট, উপজেলা ও জেলা-নীলফামারী। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ১নং ক্রমিকের রাবেয়া আলীম উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-০৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-১)/১২**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক যশোর এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার যশোর জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | হোসনেয়ারা হেনা | সদস্য |
| (২) | ১০(১)(ঙ) | সমাজসেবী | বেগম লাইজু জামান | চেয়ারম্যান |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বর্নাডেট সরদার | সদস্য |
| (৪) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | দেলোয়ারা বেগম | সদস্য |
| (৫) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম খাঁইরুল নেছা | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ২নং ক্রমিকের বেগম লাইজু জামান উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০১-৯-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-১)/১৩**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক কুমিল্লা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার কুমিল্লা জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | মিসেস সালেহা বেগম, সভাপতি, বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি কুমিল্লা মহানগর শাখা ও প্রধান শিক্ষিকা, মনোহরপুর আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুমিল্লা | সদস্য |
| (২) | ১০(১)(ঙ) | সমাজসেবী | মিসেস সাইফুন্নাহার মিতা শিকদার, মোগলটুলী, কুমিল্লা | চেয়ারম্যান |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মিসেস পাপড়ী বসু, ঝাউতলা, কুমিল্লা | সদস্য |
| (৪) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মিসেস দিলনাশি মোহসেন, ফৌজদারী চৌমুহনী, কুমিল্লা | সদস্য |
| (৫) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মিসেস ফাহমিদা রহমান, ভাটপাড়া, কুমিল্লা | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ২নং ক্রমিকের মিসেস সাইফুন্নাহার মিতা শিকদার উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-১)/১৪**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক খুলনা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার খুলনা জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | জনাব লায়লা আরজুমান, প্রধান শিক্ষক, সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা। | সদস্য |
| (২) | ১০(১)(ঙ) | সমাজসেবী | এ্যাডভোকেট সুলতানা রহমান শিল্পী, বিজ্ঞ মহানগর পি পি, খুলনা। | সদস্য |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | অধ্যাপিকা হোসনে আরা বেগম (অবঃ), স্বামী-মৃত আমিনুল হোসেন বাদশা, খুলনা। | চেয়ারম্যান |
| (৪) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব হালিমা ইসলাম, স্বামী-শাহিনুল ইসলাম, ৪৫, সাউথ সেন্ট্রাল রোড, খুলনা। | সদস্য |
| (৫) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম বলাকা রায়, পিতা-সুহাস রায়, ৪৮, ফরাজীপাড়া রোড, খুলনা | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ৩নং ক্রমিকের অধ্যাপিকা হোসনে আরা বেগম (অবঃ) উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০১-৯-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-১)/১৫**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক রংপুর এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার রংপুর জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ঙ) | সমাজসেবী | জনাব মমতাজ বেগম, পিতা-নছীমুদ্দিন, রামরনচন্ডী, হাজিরহাট, কোতয়ালী, রংপুর। | সদস্য |
| (২) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব রোজী রহমান, স্বামী-মোকছুদুর রহমান, প্রবাশ, বাড়ী নং-২০, রোড নং ৩/১, মুন্সীপাড়া, রংপুর। | চেয়ারম্যান |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব লতিফা শওকত, স্বামী-মোঃ শওকত আলী, বাড়ী নং-১০, রোড নং-০১, ধাপ জেল রোড, রংপুর। | সদস্য |
| (৪) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব নাজিয়া পারভীন, স্বামী-নবী উল্লাহ পান্না, এন-৪ এন্টারপ্রাইজ, পায়রা চত্বর উত্তর গলি, রংপুর। | সদস্য |
| (৫) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | জনাব মনোয়ারা বেগম, স্বামী-মোঃ এনামুল হক মির্জা, বাড়ী নং-৩৭৯, রোড নং-০১, কামাল কাছনা, রংপুর। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ২নং ক্রমিকের জনাব রোজী রহমান উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-১)/১৬**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক মেহেরপুর এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার মেহেরপুর জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ শামীম আরা হীরা, প্রযত্নে-আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, বোসপাড়া, ওয়ার্ড নং-০২, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর। | চেয়ারম্যান |
| (২) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ সামিউন বশিরা পলি, প্রযত্নে-মোঃ আনোয়ারুল ইসলাম, ৫নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর। | সদস্য |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ রোখসানা কামাল (রুনু), প্রযত্নে-শেখ কামাল, লর্ড মার্কেট, মেহেরপুর। | সদস্য |
| (৪) | ১০(১)(ঙ) | সমাজসেবী | মোছাঃ আমেনা খাতুন, কোর্ট পাড়া, ৯নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর। | সদস্য |
| (৫) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | মোছাঃ নার্গিস আরা, প্রযত্নে-মোঃ মোস্তাফিজুর রহমান, কাশারীপাড়া, ১নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মোছাঃ শামীম আরা হীরা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-১)/১৭**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক টাঙ্গাইল এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার টাঙ্গাইল জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মনোয়ারা বেগম এম,পি, স্বামী-মৃত আলী আকবর খান, গ্রাম-থানা পাড়া, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল। | চেয়ারম্যান |
| (২) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মিনু আনোহলী, স্বামী-মৃত শহীদ আনোহলী, গ্রাম-থানা পাড়া, বিসিক রোড, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল। | সদস্য |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | নাসরিন জাহান খান (বিউটি), স্বামী-মোহাম্মদ হাসান ইমাম, পূর্ব আদালত পাড়া, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল। | সদস্য |
| (৪) | ১০(১)(ঙ) | সমাজসেবী | রুমা খান, স্বামী-খন্দঃ বজলুর রহমান বাবু, থানা পাড়া, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল। | সদস্য |
| (৫) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | শাহনাজ খান নার্গিস, সহকারী অধ্যাপক, মহব্বত আলী ডিগ্রী কলেজ, দেলদুয়ার, টাঙ্গাইল। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মনোয়ারা বেগম এম,পি উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-২)/১৮**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক হবিগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার হবিগঞ্জ জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | বেগম নাজমুন নাহার খাতুন, স্বামী-এডঃ মোঃ শাহজাহান বিশ্বাস, অন্তরঙ্গ-৯৮, দক্ষিণ শ্যামলী, হবিগঞ্জ। | সদস্য |
| (২) | ১০(১)(ঙ) | সমাজসেবী | মিসেস জমিলা বেগম, স্বামী-এডঃ আজিজুর রহমান চৌধুরী, শায়েস্তানগর, হবিগঞ্জ। | চেয়ারম্যান |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মিসেস তাহমিনা বেগম গিনি, স্বামী-ডাঃ মোঃ জমির আলী, ৪৪৯৩, শ্যামলী, হবিগঞ্জ। | সদস্য |
| (৪) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম শওকত আরা চৌধুরী, স্বামী-শহীদ উদ্দিন চৌধুরী, আপ্তাব মঞ্জিল, শায়েস্তানগর, হবিগঞ্জ। | সদস্য |
| (৫) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম লুৎফুন নাহার চৌধুরী স্মৃতি, স্বামী-মিজানুর রহমান চৌধুরী, ৩৬২১, কালী বাড়ি ক্রস রোড, হবিগঞ্জ। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ২নং ক্রমিকের মিসেস জমিলা বেগম উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০১-০৯-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-২)/১৯**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক লালমনিরহাট এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার লালমনিরহাট জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | জনাব মোছাঃ মাকছুক কামরুন, স্বামী-মৃত কামরুল ইসলাম, রামকৃষ্ণ মিশন মোড়, লালমনিরহাট। | সদস্য |
| (২) | ১০(১)(ঙ) | সমাজসেবী | জনাব ফেরদৌসী রহমান বিউটি, স্বামীঃ অ্যাডভোকেট মোঃ মতিয়ার রহমান, উকিলপাড়া, লালমনিরহাট। | সদস্য |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব বেগম জিল্লে আরশে এলাহী, স্বামীঃ আনোয়ারুল ইসলাম, খোর্দ্দ সাপটানা, লালমনিরহাট। | চেয়ারম্যান |
| (৪) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব মোছাঃ রাশিদা বেগম, স্বামীঃ মাহফুজার রহমান (খোকন), খোর্দ্দ সাপটানা, লালমনিরহাট। | সদস্য |
| (৫) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব মেহেরুন নাহার মেরী, স্বামীঃ অ্যাডভোকেট আশরাফ হোসেন বাদল, খোর্দ্দ সাপটানা, লালমনিরহাট। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ৩নং ক্রমিকের জনাব বেগম জিল্লে আরশে এলাহী উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-০৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-২)/২০**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক ভোলা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার ভোলা জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ঙ) | সমাজসেবী | বেগম আমিরুননেসা কহিনুর, গাজীপুর রোড, ভোলা পৌরসভা, ভোলা। | চেয়ারম্যান |
| (২) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | বেগম শাফিয়া খাতুন, অধ্যক্ষ, আবদুর রব স্কুল এন্ড কলেজ, ভোলা। | সদস্য |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম সেলিনা আকতার, ৫নং ওয়ার্ড, কালিনাথ রায়ের বাজার, ভোলা। | সদস্য |
| (৪) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম নাসিমা বেগম, উকিলপাড়া, ভোলা পৌরসভা, ভোলা। | সদস্য |
| (৫) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম সায়লা বেগম, ওয়েস্টার্ণপাড়া, ভোলা পৌরসভা, ভোলা। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের বেগম আমিরুননেসা কহিনুর উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-০৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-২)/২১**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক খাগড়াছড়ি এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার খাগড়াছড়ি জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | মিসেস শ্রীলা তালুকদার, প্রধান শিক্ষক, খাগড়াছড়ি সরকারি উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি। | সদস্য |
| (২) | ১০(১)(ঙ) | সমাজসেবী | মিসেস বাসন্তি চাকমা, স্বামী-বাদল বিকাশ চাকমা, গ্রাম-মহাজনপাড়া, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি। | সদস্য |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মিসেস ক্রয়সাঞো মারমা, পিতা-মংসাইপ্রু মারমা, সাং- গোলাবাড়ী, রাজ্যমনিপাড়া, খাগড়াছড়ি। | চেয়ারম্যান |
| (৪) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মিসেস শাহেদা নাসরীন, স্বামী- মোঃ জাহেদুল আলম, গ্রাম- হক ভিলা, পানখাইয়া পাড়া রোড, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি। | সদস্য |
| (৫) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মিসেস কল্যাণী ত্রিপুরা, স্বামী-রণ বিক্রম ত্রিপুরা, গ্রাম-খাগড়াপুর, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ৩নং ক্রমিকের মিসেস ক্রয়সাঞো মারমা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-০৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তারাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-২)/২২**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, নড়াইল এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার নড়াইল জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | মিসেস আফরোজা খানম, স্বামী-শাহ্ মোহাম্মদ সিকদার, নড়াইল চৌরাস্তা, নড়াইল। | সদস্য |
| (২) | ১০(১)(ঙ) | সমাজসেবী | অর্পণা রানী বিশ্বাস, পিতা-মৃত পঞ্চানন দাস, কুড়িগ্রাম, নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | সৈয়দা জাহানারা অহীদ, স্বামী-সৈয়দ একরারমুল অহীদ, নড়াইল সদর, নড়াইল। | চেয়ারম্যান |
| (৪) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মিসেস মিনতী রানী বোস, স্বামী-এ্যাডভোকেট সুবাস চন্দ্র বোস, আলাদাৎপুর, নড়াইল। | সদস্য |
| (৫) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মিসেস হাসিনা খানম বীনা, স্বামী-এ্যাডভোকেট মোঃ ওমর ফারুক, কুড়িগ্রাম, নড়াইল। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ৩নং ক্রমিকের সৈয়দা জাহানারা অহীদ উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-০৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-২)/২৩**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক রাজবাড়ী এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার রাজবাড়ী জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

১। মিসেস তানিয়া সুলতানা কংকন, স্বামীঃ অধ্যাপক গোলাম মোস্তফা চৌধুরী

২। মিসেস নাজনীন ফেরদৌস, স্বামীঃ জনাব লোকমান হোসেন

৩। মিসেস রোকেয়া রহমান, স্বামীঃ জনাব বাচ্চু রহমান

৪। মিসেস শারমিন সুলতানা ডলি, স্বামীঃ জনাব মোর্তজা আহম্মদ

৫। মিসেস হাজেরা হাকিম, স্বামীঃ জনাব মোঃ হাকিম আলী বিশ্বাস

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ১নং ক্রমিকের মিসেস তানিয়া সুলতানা কংকন উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-০৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-২)/২৪**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক কক্সবাজার এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার কক্সবাজার জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | বেগম রেখা নন্দী (শিক্ষিকা), পিতা-মৃত অনিল নন্দী, সাং-সার্কিট হাউজ রোড, কক্সবাজার রোড, নিরিবিলি হোটেলের পিছনে, কক্সবাজার | সদস্য |
| (২) | ১০(১)(ঙ) | সমাজসেবী | বেগম তহুরা মোস্তাফা, স্বামী-এড. সিরাজুল মোস্তফা, সাং-ইকবাল মঞ্জিল, সার্কিট হাউজ রোড, কক্সবাজার। | সদস্য |

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণী | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম কানিজ ফাতেমা আহমেদ, স্বামী- মোস্তাক আহমদ চৌধুরী সাবেক সংসদ সদস্য, সাং-চৌফলদন্ডী, কক্সবাজার সদর। | চেয়ারম্যান |
| (৪) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম শিরিণ বাণু, পিতা-মৃত আব্দুল মোনেম, সাং-থানা রোড, সদর মোকাম, কক্সবাজার। | সদস্য |
| (৫) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম ইমারি রাখাইন, স্বামী-প্রু হ্লা, সাং-আকিশিরা চর, উপজেলা-রামু, কক্সবাজার। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ৩নং ক্রমিকের বেগম কানিজ ফাতেমা আহমেদ উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-০৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-২)/২৫**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার সুনামগঞ্জ জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | শিল্পী রাণী দাস, স্বামী-বিজয় কৃষ্ণ দাস | সদস্য |
| (২) | ১০(১)(ঙ) | সমাজসেবী | কলি তালুকদার (আরতি), পিতা-মৃত সহদেব তালুকদার | সদস্য |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | ফৌজী আরা বেগম (শাম্মী), স্বামী-মৃত গোলাম রব্বানী | চেয়ারম্যান |
| (৪) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | রওশন আরা রহমান, স্বামী- মতিউর রহমান | সদস্য |
| (৫) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | রওশন সিদ্দিকা আক্তার, স্বামী-রাখাব উদ্দিন | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ৩নং ক্রমিকের ফৌজী আরা বেগম (শাম্মী) উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-০৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

তারিখঃ ৭ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং মশিবিম/শা-জামস/উপজেলা কমিটি-৩/১০/২৬**—জাতীয় মহিলা সংস্থার আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১১(১) ধারা মোতাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তা, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার মাটিরাঙ্গা উপজেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১১(১)(গ) | শিক্ষিকা | মিসেস নুসরাত জাহান, স্বামীঃ আহম্মদ কবির, গ্রামঃ মাতব্বর পাড়া, ডাকঘরঃ মাটিরাঙ্গা, পৌরসভাঃ মাটিরাঙ্গা, উপজেলাঃ মাটিরাঙ্গা, জেলাঃ খাগড়াছড়ি পার্বত্য জেলা। | সদস্য |
| (২) | ১১(১)(ঘ) | সমাজসেবী | মিসেস এসএম কামরুন নাহার জাহাঙ্গীর (সিপন), স্বামীঃ এসএম জাহাঙ্গীর আলম, গ্রামঃ চৌধুরীপাড়া, ডাকঘরঃ মাটিরাঙ্গা, পৌরসভাঃ মাটিরাংঙ্গা, উপজেলাঃ মাটিরাঙ্গা, জেলাঃ খাগড়াছড়ি পার্বত্য জেলা। | চেয়ারম্যান |

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণি | নাম | পদবী |
|---|---|---|---|---|
| (৩) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মিসেস রহিমা আকতার, পিতা-মৃত রফিকুল ইসলাম ভূইয়া, গ্রামঃ কাজীপাড়া, ডাকঘরঃ মাটিরাঙ্গা, পৌরসভাঃ মাটিরাংঙ্গা, উপজেলাঃ মাটিরাঙ্গা, জেলাঃ খাগড়াছড়ি পার্বত্য জেলা। | সদস্য |
| (৪) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মিসেস খুকুরানী দাস, স্বামীঃ মুকুল কান্তি দাস, গ্রামঃ গুইমারা, ডাকঘরঃ গুইমারা, ইউ,পিঃ গুইমারা, উপজেলাঃ মাটিরাঙ্গা, জেলাঃ খাগড়াছড়ি পার্বত্য জেলা। | সদস্য |
| (৫) | ১১(১)(চ) | বিশিষ্ট মহিলা | মিসেস জাহানারা বেগম, স্বামীঃ মোঃ সাহেব আলী মাষ্টার, গ্রামঃ উত্তর বড়বিল, ডাকঘরঃ মাটিরাঙ্গা, উপজেলাঃ মাটিরাঙ্গা, জেলাঃ খাগড়াছড়ি পার্বত্য জেলা। | সদস্য |

২। উপরোল্লিখিত কমিটির সদস্যাগণের মধ্য হতে ২নং ক্রমিকের মিসেস এসএম কামরুন নাহার জাহাঙ্গীর উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও উপরে বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে পুনরায় দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদেরকে পদ হতে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেবনাথ**
সহকারী সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**শৃংখলা-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখঃ ৩১ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৫.২০১৫-৭৬**—যেহেতু, ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান (১২১০০৯), সহকারী সার্জন, চন্দনপাট ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সদর, রংপুর, রংপুর জেলার কোতোয়ালী থানার ডায়েরী নং-১৬৬৪, তারিখঃ-২২-০৯-২০১৫ (ধারা/ফৌঃ কাঃবি-৫৪) মোতাবেক গত ২২-০৯-২০১৫ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক জেল হাজতে প্রেরিত হওয়ায় বাংলাদেশ সার্ভিস রুলস্ (পার্ট-১) এর বিধি-৭৩ মোতাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৩-১০-২০১৫ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৫.২০১৫-৬৮৫ নং আদেশে তাঁকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, উক্ত মামলায় বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, আমলী আদালত, কোতয়ালী, রংপুর গত ০৯-১২-২০১৫ খ্রিঃ তারিখের আদেশে ফৌজদারী অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করেছেন;

সেহেতু, এক্ষণে ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান (১২১০০৯), সহকারী সার্জন, চন্দনপাট ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, সদর, রংপুর এর ১৩-১০-২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৫.২০১৫-৬৮৫ নং সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল এবং তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়-কে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করা হল।

তারিখঃ ১ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৩.২০১৬-৮৮**—যেহেতু, ডাঃ ইজাজ আহমেদ খান (৪৩৩৯৬), জুনিয়র কনসালটেন্ট (এ্যানেসথেসিয়া), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহ জেলার কোতোয়ালী থানার ১১-০৪-২০১৪ তারিখের মামলা নং-৪০ এবং জিআর নং-৩৩৬/২০১৪ এর আসামী হিসেবে ১১-০৪-২০১৪ তারিখে পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে বিজ্ঞ আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরিত হন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ ইজাজ আহমেদ খান (৪৩৩৯৬), জুনিয়র কনসালটেন্ট (এ্যানেসথেসিয়া), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ত্রিশাল, ময়মনসিংহ বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ১১-০৪-২০১৪ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

---

**আদেশ**

তারিখঃ ৮ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ/২৬ মাঘ ১৪২২ বঙ্গাব্দ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২৬৯.২০১১-১০৭**—যেহেতু, ডাঃ হুসনাতুল ফেরদৌস (১১৩৬৮৫), সহকারী সার্জন, শ্রীপুর ইউনিয়ন

উপ-স্বাস্থ্য কেন্দ্র, সদর, জামালপুর গত ৩১-০৫-২০০৮ খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩ (বি) ধারা মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ১৬-০১-২০১২ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.২৬৯.২০১১-৫৯নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ১৪-০৯-২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.২৬৯.২০১১-৫৯৬ নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ২৭-১২-২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০৩৯.২০১৫-৪৫১নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধন্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ২৮-০১-২০১৬ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক ডাঃ হুসনাতুল ফেরদৌস (১১৩৬৮৫), সহকারী সার্জন, শ্রীপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, সদর, জামালপুরকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ৩১-০৫-২০০৮ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

---

## আদেশ

তারিখঃ ৩১ জানুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৮.২০১৫-৮৪**—যেহেতু, ডাঃ সৈয়দ ইকবাল মাযহার (৩২৬৬৩), প্রাক্তন সহকারী অধ্যাপক (চঃদাঃ), রেডিওলজি এণ্ড ইমেজিং বিভাগ, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৮-১০-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৮.২০১৫-৭১৪নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৮-১১-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-৫ অধিশাখার ২৭-১২-২০১৫ তারিখের স্বাপকম/লিয়েন-১৯/২০০৯-১২৮০নং আদেশে তার ০৩-০৫-২০১৫ তারিখ হতে ১৬-০৯-২০১৫ তারিখ পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে ভূতাপেক্ষভাবে লিয়েন মঞ্জুর করা হয়;

এক্ষণে সেহেতু, ডাঃ সৈয়দ ইকবাল মাযহার (৩২৬৬৩), প্রাক্তন সহকারী অধ্যাপক (চঃদাঃ), রেডিওলজি এণ্ড ইমেজিং বিভাগ, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

---

## শৃংখলা-২ শাখা

## আদেশ

তারিখঃ ৩১ জানুয়ারি ২০১৬ ইং

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৪.২০১৫-১৪**—যেহেতু, ডাঃ মোঃ শাহিনুল ইসলাম মণ্ডল (১২২৯৮৫), আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশবাড়ী, গাইবান্ধা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণ দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং সে প্রেক্ষিতে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এমতাবস্থায়, নথীভুক্ত কাগজপত্র দাখিলকৃত জবাব, শুনানী, সুক্ষ্মভাবে বিচার বিশ্লেষণ ও সার্বিক প্রেক্ষাপট বিবেচনা করে ডাঃ মোঃ শাহিনুল ইসলাম মণ্ডল (১২২৯৮৫), আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পলাশবাড়ী, গাইবান্ধা-কে এ বিভাগীয় মামলার দায় থেকে অব্যাহতি প্রদান করে অত্র বিভাগীয় মোকদ্দমা নিষ্পত্তি করা হলো।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

---

## অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক সেল

## প্রজ্ঞাপন

তারিখ: ২৬ জানুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং স্বাপকম/অটিজম-০৩/২০১৬/১৫**—অটিজম ও স্নায়ুবিকাশ জনিত সমস্যা বিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটির ১২তম সভায় গৃহীত সিদ্ধান্ত (সিদ্ধান্ত নং ৪) অনুযায়ী "Rehabilitation Council of Bangladesh" প্রতিষ্ঠার নিমিত্ত প্রয়োজনী আইন, বিধিমালা এবং তা বাস্তবায়নের উপায় সম্বলিত প্রয়োজনীয় সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করা হ'ল :

**আহবায়ক**

(১) অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও নার্সিং) ও মহাপরিচালক (অটিজম সেল) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৩) শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি

(৪) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি

(৫) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি

(৬) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি

**সদস্য-সচিব**

(৭) প্রধান সমন্বয়ক,অটিজম সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**২। কমিটির কার্যপরিধি :**

(১) কমিটি অটিজম ও স্নায়ুবিকাশ জনিত সমস্যা বিষয়ক কার্যক্রম কে লক্ষ্য করে Rehabilitation Council প্রতিষ্ঠার জন্য কী কী আইন বা নীতিমালা তৈরী তা নির্ধারণ ও এর খসড়া প্রণয়ন;

(২) আইন বা নীতিমালা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়ন;

(৩) কমিটি আগামী ০১ (এক) মাসের মধ্যে এ সংক্রান্ত সুপারিশমালা প্রণয়নপূর্বক জাতীয় স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করবে;

(৪) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল যা অবিলম্বে কার্যকর হবে।

**মনোজ কুমার রায়**
উপসচিব
ও
পরিচালক (অটিজম সেল)।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উন্নয়ন-১ শাখা)**

**পরিপত্র**

তারিখ, ০৬ মাঘ ১৪২২/১৯ জানুয়ারি ২০১৬

বিষয় ঃ **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের বিভিন্ন প্রকার ছুটি, পিআরএল ও পেনশন মঞ্জুরীর ক্ষমতা বিকেন্দ্রীকরণ প্রসংগে।**

**নং ৪৬.০৬৭.০১৫.০০.০০.০৬৬.২০১৫-৫৪**—প্রশাসনে গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, নির্বাহী প্রকৌশলীর কার্যালয় এবং উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে কর্মরত কর্মকর্তাদের অর্জিত ছুটি, মাতৃত্বকালীন ছুটি, শ্রান্তি ও বিনোদন ছুটি সাধারণ ভবিষ্য তহবিলে অগ্রিম মঞ্জুরি এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাদের পিআরএল ও পেনশন মঞ্জুরির ক্ষমতা নিম্নরূপভাবে অর্পণ করা হলো :

| ক্রমিক নং | বিষয় | ক্ষমতা অর্পণের স্তর | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | দপ্তর প্রধান (প্রধান প্রকৌশলী) | বিভাগীয় অফিস (অতিরিক্ত প্রধান প্রকৌশলী) | আঞ্চলিক অফিস (তত্ত্বাবধায়ক প্রকৌশলী) | জেলা পর্যায়ের অফিস (নির্বাহী প্রকৌশলী) | উপজেলা পর্যায়ের (উপজেলা প্রকৌশলী) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| (১) | বিএসআর এর বিধি-১৪৯ এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৫৯ এর বিধি-৭ অনুযায়ী ব্যক্তিগত/ পারিবারিক কারণে ও মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অনধিক তিন মাস পর্যন্ত গড় বেতনে দেশের অভ্যন্তরে অর্জিত ছুটি মঞ্জুরি। | (ক) নিজ কার্যালয়ের নবম-৪র্থ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) বিভাগীয়, আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ের ৪র্থ গ্রেডভুক্ত অফিস প্রধান এবং ৪র্থ গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা। | (ক) নিজ কার্যালয়ের নবম-৫ম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ের ৫ম গ্রেডভুক্ত অফিস প্রধান এবং ৫ম গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা। | (ক) নিজ কার্যালয়ের নবম-৬ষ্ঠ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) উপজেলা পর্যায়ের ৬ষ্ঠ গ্রেডভুক্ত অফিস প্রধান এবং ৬ষ্ঠ গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা। | নিজ কার্যালয়ের দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। | নিজ কার্যালয়ের দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| (২) | দেশের অভ্যন্তরে ভোগের ক্ষেত্রে শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুরি। | (ক) নিজ কার্যালয়ের নবম-৪র্থ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) বিভাগীয়, আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ের ৪র্থ গ্রেডভুক্ত অফিস প্রধান এবং ৪র্থ গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা। | (ক) নিজ কার্যালয়ের নবম-৫ম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ের ৫ম গ্রেডভুক্ত অফিস প্রধান এবং ৫ম গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা। | (ক) নিজ কার্যালয়ের নবম-৬ষ্ঠ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণি কর্মকর্তা।<br>(খ) উপজেলা পর্যায়ের ৬ষ্ঠ গ্রেডভুক্ত অফিস প্রধান এবং ৬ষ্ঠ গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা। | নিজ কার্যালয়ের নবম-সপ্তম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। | নিজ কার্যালয়ের দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। |
| (৩) | বিএসআর-এর বিধি-১৪৯ এবং বিধি ১৯৭-এর উপবিধি-১ অনুযায়ী মাতৃত্বকালীন ছুটি মঞ্জুরি। | (ক) নিজ কার্যালয়ের নবম-৪র্থ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) বিভাগীয়, আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ের ৪র্থ গ্রেডভুক্ত অফিস প্রধান এবং ৪র্থ গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা। | (ক) নিজ কার্যালয়ের নবম-৫ম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ের ৫ম গ্রেডভুক্ত অফিস প্রধান এবং ৫ম গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা। | (ক) নিজ কার্যালয়ের নবম-৬ষ্ঠ গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা।<br>(খ) উপজেলা পর্যায়ের ৬ষ্ঠ গ্রেডভুক্ত অফিস প্রধান এবং ৬ষ্ঠ গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা। | নিজ কার্যালয়ের নবম-সপ্তম গ্রেডভুক্ত প্রথম শ্রেণির কর্মকর্তা (নন-ক্যাডার) এবং দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। | নিজ কার্যালয়ের দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। |
| (৪) | দ্বিতীয় শ্রেণির কর্মকর্তার পিআরএল, পেনশন/ পারিবারিক পেনশন ও অবসর প্রদান (গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪-এর ধারা ৯(২) ব্যতীত | নিজ কার্যালয়ের সকল দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। | নিজ কার্যালয়ের সকল দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। | নিজ কার্যালয়ের সকল দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। | নিজ দপ্তরের এবং নিয়ন্ত্রণাধীন উপজেলা পর্যায়ের সকল দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা। | |

২। এক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ অনুসরণ করতে হবে :

(ক) ছুটি আবেদনের অনুলিপি আবেদনকারী কর্মকর্তাকে এ বিভাগে প্রেরণ করতে হবে।

(খ) ছুটিকালীন বিকল্প কর্মকর্তা নিশ্চিত করে ছুটি মঞ্জুর করতে হবে।

(গ) ছুটি মঞ্জুরের অনুলিপি নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রদান করতে হবে।

**আবদুল মালেক**
সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**উর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**শোক প্রস্তাব**

তারিখ, ২০ বৈশাখ ১৪২৩/০৩ মে ২০১৬

**নং ০৫.০০.০০০০.১৩১.০০.০৭৬.১৪-৫৭১**—বাংলাদেশ হাইকমিশন, সিঙ্গাপুর এর কাউন্সিলর (উপ-সচিব) মরহুম আইরিন পারভীন বাঁধন (৫৮৫৬) ক্যান্সারে আক্রান্ত হয়ে গত ২৪ এপ্রিল ২০১৬ তারিখ রবিবার মাউন্ট এ্যালিজাবেথ হাসপাতাল, সিঙ্গাপুরে স্থানীয় সময় রাত ৮:৪১ মিনিটে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ......................................রাজিউন)।

২। মরহুম আইরিন পারভীন বাঁধন (৫৮৫৬) ২২ জুলাই ১৯৬৫ তারিখে মাগুরা জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ০১ এপ্রিল ১৯৯৩ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ১৫ ডিসেম্বর ২০১০ তারিখে সরকারের উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি বিভিন্ন পদে দায়িত্ব পালনের ধারাবাহিকতায় সর্বশেষে বাংলাদেশ হাইকমিশন, সিঙ্গাপুর এ কাউন্সিলর হিসেবে কর্মরত ছিলেন।

৩। মরহুম আইরিন পারভীন বাঁধন দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী একজন কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্বামী, ০১ (এক) পুত্রসহ বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মরহুম আইরিন পারভীন বাঁধন এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

## জাতীয় রাজস্ব বোর্ড
## [ মূল্য সংযোজন কর ]
## বিশেষ আদেশসমূহ

তারিখ, ০৩ মে ২০১৬

**নং ৯/মূসক/২০১৬**—পাটজাত পণ্যের রপ্তানির বিপরীতে অনিষ্পন্ন প্রত্যর্পণ আবেদন নিষ্পত্তিকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং ৪৩/মূসক/২০১৩, তারিখ : ১৪ আশ্বিন ১৪২০ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর ২০১৩ খ্রিঃ এর মাধ্যমে জুন/২০১০ সালের পূর্বে পাটজাত পণ্যের রপ্তানি সংশ্লিষ্ট যে সকল শিপিং বিলে ২% কায়িক পরীক্ষার প্রতিবেদন নেই, সেক্ষেত্রে পিআরসি ও অন্যান্য রপ্তানি সংশ্লিষ্ট দলিলাদির ভিত্তিতে বৈদেশিক মুদ্রা প্রাপ্তি সম্পর্কে নিশ্চিত হয়ে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর প্রত্যর্পণ আবেদন নিষ্পত্তি করতে পারবে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড সম্মতি প্রদান করে। এতদ্বারা উক্ত আদেশের মেয়াদ জুন/২০১০ খ্রিঃ এর পরিবর্তে ৩০-০৬-২০১৬ পর্যন্ত বর্ধিত করা হলো।

**নং ১০/মূসক/২০১৬**—পাটজাত পণ্যের রপ্তানির বিপরীতে অনিষ্পন্ন প্রত্যর্পণ আবেদন নিষ্পত্তিকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং ৪৫/মূসক/২০১৩, তারিখে: ১৪ আশ্বিন ১৪২০ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে ৩১-১২-২০১২ পর্যন্ত যে সব চালানের পণ্য রপ্তানি হয়েছে সে সব চালান সংশ্লিষ্ট শিপিং বিলের ডেডো কপি ছাড়াই বৈদেশিক মুদ্রা প্রাপ্তি এবং অন্যান্য রপ্তানি দলিলাদির মাধ্যমে রপ্তানি সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর প্রত্যর্পণ আবেদন নিষ্পত্তি করবে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড সম্মতি জ্ঞাপন করে। এতদ্বারা উক্ত আদেশের মেয়াদ ৩১-১২-২০১২ এর পরিবর্তে ৩০-০৬-২০১৬ পর্যন্ত বর্ধিত করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এ. এফ. এম. শাহরিয়ার মোল্লা**
সদস্য (শুল্ক রপ্তানি বন্ড ও আইটি)।

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## স্থানীয় সরকার বিভাগ
## পৌর-১ শাখা
### প্রজ্ঞাপন

তারিখ, ২১ বৈশাখ ১৪২৩/০৪ মে ২০১৬

**নং ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৩.১৬-৪৭৯**—যেহেতু, আপনি জনাব মোঃ তাজকিন আহমেদ, পিতা-মৃত আবুল কাশেম, গ্রাম/রাস্তা-আবুল কাশেম সড়ক, কামালনগর, উপজেলা-সাতক্ষীরা সদর, জেলা-সাতক্ষীরা, সাতক্ষীরা পৌরসভার নির্বাচিত মেয়র; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে দায়েকৃত সাতক্ষীরা থানার মামলা নং-৬৬, তারিখঃ ২১-০৪-২০১২ এবং একই থানার মামলা নং-০৩, তারিখঃ ০১-১২-২০১২ এর বিষয়ে অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) মোতাবেক পৌরসভার মেয়র এর বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে তাঁকে সাময়িক বরখাস্ত করার বিধান রয়েছে।

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে আপনি যেহেতু আপনি জনাব মোঃ তাজকিন আহমেদ, মেয়র, সাতক্ষীরা পৌরসভা, সাতক্ষীরাকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপ সচিব।

## (সিটি কর্পোরেশন-২ শাখা)
### প্রজ্ঞাপন

তারিখ, ০৫ বৈশাখ ১৪২৩/১৮ এপ্রিল ২০১৬

**নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০২২.১৫.১৩৮**—যেহেতু, জনাব এম এ মান্নান, মেয়র, পিতা-মৃত কছিম উদ্দিন আকন্দ, গাজীপুর সিটি কর্পোরেশনের নির্বাচিত মেয়র; এবং

যেহেতু, জনাব এম এ মান্নান এর বিরুদ্ধে জয়দেবপুর থানার মামলা নং ৯(৯)১৪ এর অভিযোগপত্র বিজ্ঞ সিনিয়র স্পেশাল ট্রাইব্যুনাল জজ, গাজীপুর কর্তৃক গত ০২-০৯-২০১৫ খ্রিঃ তারিখে গৃহীত হয়েছে; এবং

যেহেতু, জনাব এম এ মান্নান এর বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগ পত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা মেয়র এর ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী এবং প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে।

সেহেতু, সরকার তাঁকে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ১২(১) ধারার বিধানবলে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ১২(১) ধারার বিধান অনুযায়ী গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র জনাব এম এ মান্নানকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সরোজ কুমার নাথ**
উপসচিব।

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## স্থানীয় সরকার বিভাগ
## জেলা পরিষদ অধিশাখা
### শোক প্রস্তাব

তারিখ, ০৪ চৈত্র ১৪২২/১৭ এপ্রিল ২০১৬

**নং ৪৬.০৪২.০০০০.০০০.১১.০০৮.১৫(১).১০৬১**—বরিশাল জেলা পরিষদের প্রশাসক ডাঃ মোখলেছুর রহমান গত ৪ এপ্রিল ২০১৬ তারিখ সোমবার বেলা ১২.৫০ ঘটিকায় বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতালে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর। স্থানীয় সরকার বিভাগ মরহুম মোখলেছুর রহমান এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

**আবদুল মালেক**
সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক সেল**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ এপ্রিল ২০১৬

**নং স্বাপকম/অটিজম-০৩/২০১৬/৫২**—পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা নিরসনে গৃহীত কর্ম-পরিকল্পনা কার্যকরকরণ, গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও সমন্বয় সাধনের জন্য নিম্নবর্ণিত সদস্যবর্গের সমন্বয়ে অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক জাতীয় পর্যায়ের স্টিয়ারিং কমিটি নির্দেশক্রমে পুনর্গঠন করা হ'ল:

**চেয়ারপারসন**

(১) সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**কো-চেয়ারপারসনবৃন্দ**

(২) সিনিয়র সচিব/সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(৩) সিনিয়র সচিব/সচিব, শিক্ষা মন্ত্রণালয়

(৪) সিনিয়র সচিব/সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

(৫) সিনিয়র সচিব/সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(৬) ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।

(৭) প্রফেসর ডাঃ গোলাম রাব্বানী, চেয়ারপারসন, নিউরো-ডেভেলপমেন্টাল ডিসএ্যাবিলিটি প্রোটেকশন ট্রাস্ট।

(৮) অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৯) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

(১০) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

(১১) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

(১২) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব, শিক্ষা মন্ত্রণালয়।

(১৩) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়।

(১৪) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

(১৫) অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

(১৬) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব, তথ্য মন্ত্রণালয়।

(১৭) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

(১৮) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

(১৯) অতিরিক্ত/যুগ্ম-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

(২০) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন।

(২১) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।

(২২) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর।

(২৩) যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(২৪) যুগ্ম-সচিব (সিপি), জনপ্রশাসন মন্ত্রণালয়।

(২৫) বিভাগীয় প্রধান/যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন।

(২৬) পরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়।

**র‍্যাপোটিয়ার**

(২৭) ডাঃ মাজহারুল মান্নান, নির্বাহী পরিচালক, গ্লোবাল অটিজম বাংলাদেশ।

**স্টিয়ারিং কমিটির কার্যপরিধি:**

(১) বাংলাদেশ অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা নিরসনে গৃহীত কর্মপরিকল্পনা কার্যকরকরণ;

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের মধ্যে সহযোগিতা ও সমন্বয় সাধন;

(৩) অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা মোকাবিলায় সুশীল সমাজ, বেসরকারি সংস্থা, অভিভাবক ফোরাম, উচ্চতর শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানসমূহের অন্তর্ভুক্তি ও অংশীদারিত্ব নিশ্চিতকরণ;

(৪) অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা সম্পর্কে ইতিবাচক দৃষ্টিভঙ্গি গড়ে তুলতে ও সমাজে জনসচেতনতা বৃদ্ধিতে গণমাধ্যমসমূহকে উদ্বুদ্ধকরণ;

(৫) সময়ের সাথে সাথে এতদ্‌সংক্রান্ত অ্যাকশন প্লান বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ও যথোপযুক্ত উদ্যোগ গ্রহণ ও সময়ে সময়ে সংশোধনের বিষয়ে বিবেচনা, যা কমিটির সদস্যগণ কর্তৃক সমঝোতার মাধ্যমে স্বীকৃত হবে;

(৬) অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যায় আক্রান্তদের জীবনের বিভিন্ন ধাপের প্রয়োজনসমূহ মেটানোর জন্য বিভিন্ন মন্ত্রণালয়ের গৃহীত উদ্যোগসমূহের সমন্বয়সাধন;

(৭) স্ট্রাটেজিক এন্ড কনভার্জেন্ট অ্যাকশন প্ল্যান অন অটিজম এন্ড ডেভেলপমেন্টাল ডিজএবিলিটিজ ইন বাংলাদেশ (এসসিএপিএএনডি) বাস্তবায়ন সংক্রান্ত বিষয়সমূহ আলোচনা ও সমস্যা থাকলে তা নিরসনের পদক্ষেপ গ্রহণ;

(৮) দ্বি-মাসিক সভার আয়োজন;

(৯) এসসিএপিএএনডি এবং অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা নিরসনের উদ্যোগে গঠিত জাতীয় উপদেষ্টা কমিটির জন্য দ্বি-বার্ষিক বাস্তবায়ন প্রতিবেদন প্রণয়ন।

**মনোজ কুমার রায়**
উপসচিব
ও
পরিচালক (অটিজম সেল)।

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৪ বৈশাখ ১৪২২/২৭ এপ্রিল ২০১৬

**নং ০৩.৭৫৯.০১৪.০১৬.০০.০১৯.২০১৫-৭৪৫**—ঢাকা জেলার বাড্ডা ও ভাটারা থানাধীন সাতারকুল মৌজায় ইউনাইটেড সিটি ইকোনমিক জোন নামে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের অনুমোদন ও লাইসেন্স প্রাপ্তির জন্য জনাব মালিক তালহা ইসমাইল বারি, পরিচালক, ইউনাইটেড এন্টারপ্রাইজেস এন্ড কোম্পানী লিমিটেড, গুলশান সেন্টার পয়েন্ট, হাউজ নং-২৩-২৬, রোড নং-৯০-৯১, গুলশান-২, ঢাকা-১২১২ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা এর নির্বাহী চেয়ারম্যান বরাবরে আবেদন করেছেন। নিম্নলিখিত তফসিলভুক্ত তাদের মালিকানাধীন জমির পরিমাণ ২.৪৩ একর। আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল নীতি, ২০১৫ এর অনুচ্ছেদ ৫(২) মোতাবেক জানানো যাচ্ছে যে, প্রস্তাবিত স্থানে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপিত হলে তদ্দ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারেন এমন কোন ব্যক্তি এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে (২১) একুশ দিনের মধ্যে সচিব, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৫), ১২ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ঠিকানায় মতামত/আপত্তি দাখিল করতে পারবেন। উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন করা হবে এবং মাস্টার প্ল্যান প্রণয়নের মাধ্যমে পরিকল্পিতভাবে বিভিন্ন শিল্প কারখানা গড়ে তোলা হবে। এতদ্ব্যতীত পরিবেশ রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও অগ্নিনির্বাপণ ব্যবস্থা গড়ে তোলা হবে।

**তফসিল-১**

জেলা-ঢাকা, থানা-বাড্ডা, মৌজা-সাতারকুল, জেএল নং-৩০।

**<u>সিটি জরিপ খতিয়ান নম্বর-</u>**

৪২/১, ৪৯৫, ১৫৭৪, ৩০৪৪, ৪৮৩৩। মোট খতিয়ান-৫টি।

**<u>সংশোধিত খতিয়ান নম্বর-</u>**

৮৩৬৫, ৮৩৮১, ৯৩৩৬, ১০৫০০, ১১৭৩৫, ১১৭৩৭, ১৩২১৯, ১৩২৫৯। মোট খতিয়ান-৮টি।

**<u>সিটি জরিপ দাগ নম্বর (আংশিক)-</u>**

৮৪৮, ৮৪৯, ৮৫২, ১৪০৬, ১৪১৫, ১৪১৬। মোট দাগ-৬টি।

**<u>জমির পরিমাণ-</u>**

০.০৪৯০, ০.১৪৬৯, ০.৫০৮২, ০.১১৬৮, ০.৪০১৮, ০.২০৭০। মোট জমির পরিমাণ-১.৪৩ একর।

চৌহদ্দি : উত্তরে-সিটি জরিপ প্লট নম্বর-৮৪৯, ৮৪৮ ও ১৪০৬ বা (১০০ ফুট প্রশস্ত মাদানী এ্যাভিনিউ রাস্তা)।

দক্ষিণে-সিটি জরিপ প্লট নম্বর-৮৫২ ও ১৪১৬।

পূর্বে-সিটি জরিপ প্লট নম্বর-১৪০৬, ১৪১৫ ও ১৪১৬।

পশ্চিমে-সিটি জরিপ প্লট নম্বর-৮৫২, ৮৫০ ও ৮৪৯।

**<u>দলিল নম্বর ও তারিখ:</u>**

৪৩১৯/০৪, ৪৩২০/০৪, ৭০৩৮/০৪, ৩৯২৯/০৫, ৪৬৮৭/০৫, ৯০৩১/০৭, ১৩৫৪/০৯।

**তফসিল-২**

জেলা-ঢাকা, থানা-ভাটারা, মৌজা-সাতারকুল, জেএলনং-৩০।

**<u>সিটি জরিপ খতিয়ান নম্বর-</u>**

৩০৭০, ৩৪৮৩/১, ৫৬২৯, ৫৮২৬, ৬২৩৯, ৭০১৩। মোট খতিয়ান-৬টি।

**<u>সংশোধিত খতিয়ান নম্বর-</u>**

৮১৪১, ৮৩৭৪, ৮৩৭৯, ৯২৭২, ৯৩২৮, ১২৬০৯, ১৩২৬০, ১৪১৬৮। মোট খতিয়ান-৮টি।

**<u>সিটি জরিপ দাগ নম্বর (আংশিক)-</u>**

১২১৮, ১৪০১, ১৪০২, ১৪০৩, ১৪০৫, ১৪০৮, ১৪০৯, ১৪৫৫। মোট দাগ-৮টি।

**<u>জমির পরিমাণ-</u>**

০.০৪৭৩, ০.০৪৪৩, ০.২০৬৭, ০.৫০১১, ০.০৪৫৬, ০.০৪১৫, ০.০২৪৭, ০.০৮৯০। মোট জমির পরিমাণ-১.০০ একর।

চৌহদ্দি : উত্তরে-সিটি জরিপ প্লট নম্বর-১৪০১, ১৪০২ ও ১২১৮।

দক্ষিণে-সিটি জরিপ প্লট নম্বর-১৪০৫, ১৪০৮ ও ১৪০৯ বা (১০০ ফুট প্রশস্ত মাদানী এ্যাভিনিউ রাস্তা)।

পূর্বে-সিটি জরিপ প্লট নম্বর-১২১৮, ১৪০৯ ও ১৪৫৫।

পশ্চিমে-সিটি জরিপ প্লট নম্বর-১৪০১ ও ১৪০৩।

**<u>দলিল নম্বর ও তারিখ:</u>**

৮৯৫৮/০৩, ৯৯৩৩/০৩, ৯৯৪৩/০৩, ৯৪৮/০৪, ৪৩১৯/০৪, ৭০৩৯/০৪, ৯২১৪/০৪, ১১৫৪২/০৪, ২০৩৬৫/০৫, ১২৮০৪/০৮, ১৩৩১৯/০৮, ১৪২৬৮/০৮।

**মোঃ শোয়েব**
সচিব (ভারপ্রাপ্ত)।

**তথ্য মন্ত্রণালয়**

**চলচ্চিত্র অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১২ ফাল্গুন ১৪২২/২৪ ফেব্রুয়ারি ২০১৬

**নং ১৫.০০.০০০০.০২৭.২৩.০১৯.১৫.১৩৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশের চলচ্চিত্র শিল্পে গৌরবোজ্জ্বল ও অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ চলচ্চিত্রের নিম্নবর্ণিত ২৬টি ক্ষেত্রের পার্শ্বে বর্ণিত বিশিষ্ট শিল্পী ও কলা-কুশলীকে 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৪' প্রদানের ঘোষণা করছে:

**জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৪**

| ক্রঃ নং | পুরস্কারের ক্ষেত্রের নাম | ব্যক্তির নাম | চলচ্চিত্রের নাম |
|---|---|---|---|
| (১) | আজীবন সম্মাননা | (১) সৈয়দ হাসান ইমাম<br>(২) রানী সরকার | .. |
| (২) | শ্রেষ্ঠ চলচ্চিত্র | মুরাদ পারভেজ (প্রযোজক) | বৃহন্নলা |
| (৩) | শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র | মোঃ আশরাফুল আলম ওরফে আশরাফ শিশির (প্রযোজক) | গাড়িওয়ালা |
| (৪) | শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক | জাহিদুর রহিম অঞ্জন | মেঘমল্লার |
| (৫) | শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে | ফেরদৌস আহমেদ | এক কাপ চা |
| (৬) | শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে (যৌথভাবে) | (১) মৌসুমী<br>(২) বিদ্যা সিনহা মিম | তারকাঁটা<br>জোনাকির আলো |
| (৭) | শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে | ডাঃ এজাজ ইসলাম | তারকাঁটা |
| (৮) | শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে | চিত্র লেখা গুহ | ৭১ এর মা জননী |
| (৯) | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী খল চরিত্রে | তারেক আনাম | দেশা দ্যা লিডার |
| (১০) | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে | মিশা সওদাগর | অল্প অল্প প্রেমের গল্প |
| (১১) | শ্রেষ্ঠ শিশু শিল্পী | আবির হোসেন অংকন | বৈষম্য |
| (১২) | শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার | মারজান হোসাইন জারা | মেঘমল্লার |
| (১৩) | শ্রেষ্ঠ সঙ্গীত পরিচালক | ড. সাইম রানা | নেকাব্বরের মহাপ্রয়াণ |
| (১৪) | শ্রেষ্ঠ গায়ক | মাহফুজ আনাম জেমস | দেশা দ্যা লিডার (পতাকাটা খামচাতে কখনো আসে যদি.............) |
| (১৫) | শ্রেষ্ঠ গায়িকা (যৌথভাবে) | (১) রুনা লায়লা<br>(২) মমতাজ | প্রিয়া তুমি সুখী হও (ও কালা অসময়ে বাজাও বাঁশি..........)<br>নেকাব্বরের মহাপ্রয়াণ (নিশিপক্ষী ও নিশিপক্ষীরে তোর......) |
| (১৬) | শ্রেষ্ঠ গীতিকার | মাসুদ পথিক | নেকাব্বরের মহাপ্রয়াণ (নিশিপক্ষী ও নিশিপক্ষীরে তোর......) |
| (১৭) | শ্রেষ্ঠ সুরকার | বেলাল খান | নেকাব্বরের মহাপ্রয়াণ (নিশিপক্ষী ও নিশিপক্ষীরে তোর......) |
| (১৮) | শ্রেষ্ঠ কাহিনিকার | মুরাদ পারভেজ | বৃহন্নলা |
| (১৯) | শ্রেষ্ঠ চিত্রনাট্যকার | সৈকত নাসির | দেশা দ্যা লিডার |
| (২০) | শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা | মুরাদ পারভেজ | বৃহন্নলা |
| (২১) | শ্রেষ্ঠ সম্পাদক | তৌহিদ হোসেন চৌধুরী | দেশা দ্যা লিডার |
| (২২) | শ্রেষ্ঠ শিল্প নির্দেশক | মারুফ সামুরাই | তাঁরকাটা |
| (২৩) | শ্রেষ্ঠ চিত্রগ্রাহক | মোহম্মদ হোসেন জেমী | বৈষম্য |
| (২৪) | শ্রেষ্ঠ শব্দগ্রাহক | রতন পাল | মেঘমল্লার |
| (২৫) | শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা | কনক চাঁপা চাকমা | জোনাকির আলো |
| (২৬) | শ্রেষ্ঠ মেক-আপম্যান | আবদুর রহমান | নেকাব্বরের মহাপ্রয়াণ |

তারিখ, ০৪ বৈশাখ ১৪২৩/১৭ এপ্রিল ২০১৬

**নং ১৫.০০.০০০০.০২৭.২৩.০১৯.১৫.২৪৪**—'জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৪' এর তিনটি ক্ষেত্রে 'বৃহন্নলা' চলচ্চিত্রের অনুকূলে ঘোষিত ০৩ (তিনটি) পুরস্কার-শ্রেষ্ঠ চলচ্চিত্র (বৃহন্নলা), শ্রেষ্ঠ কাহিনিকার (মুরাদ পারভেজ, বৃহন্নলা) ও শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা (মুরাদ পারভেজ, বৃহন্নলা) বাতিল করতঃ উক্ত ০৩টি ক্ষেত্রে নিম্নবর্ণিত চলচ্চিত্র/প্রার্থীকে 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০১৪' প্রদানের ঘোষণা করা হলো:

| ক্রঃ নং | সুপারিশকৃত শাখা/ ক্ষেত্রের নাম | ২০১৪ সালে পুরস্কারের জন্য প্রস্তাবিত ব্যক্তি/চলচ্চিত্রের নাম |
|---|---|---|
| (১) | শ্রেষ্ঠ চলচ্চিত্র | নেকাব্বরের মহাপ্রয়াণ (প্রযোজক: জনাব মাসুদ পথিক) |
| (২) | শ্রেষ্ঠ কাহিনিকার | জনাব আখতারুজ্জামান ইলিয়াস (মেঘমল্লার) |
| (৩) | শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা | জনাব জাহিদুর রহমান অঞ্জন (মেঘমল্লার) |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মরতুজা আহমদ**
সচিব।

---

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ০৬ বৈশাখ ১৪২৩/১৯ এপ্রিল ২০১৬

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১০৯.১৪-২৮৯**—১৯৬৮ ইং সালের (১৪নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

| ক্রমিক নং | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| (১) | মোহাম্মদ আলী প্যালেস বা নওয়াব বাড়ি, থানা-সদর, মৌজা-সূত্রাপুর/৮২ সাতমাথা, বগুড়া। | ১৭০৪ | ১৭০৮ | ৩.৪২৭৫ | উত্তরে-টিএমএসএস মার্কেট ও আলামিন কমপ্লেক্স দক্ষিণে-সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় পশ্চিমে-পৌরসভার রাস্তা ও পূর্বে-করতোয়া নদী | এমআরআর রেকর্ডীয় মালিক-মোহাম্মদ আলী চৌধুরী, পিতা-সৈয়দ আলতাফ আলী চৌধুরী | সম্মত নয় | |
| উক্ত সম্পত্তির মালিকানার বিবরণ (মোহাম্মদ আলী প্যালেস মিউজিয়ামের অন্তর্ভুক্ত) | | | | | | | | |
| (১) | | ১৭০৪ | ১৭০৮ | ০.১৪১২ | | সৈয়দ ওমর আলী চৌধুরী, পিতা-মৃত সৈয়দ আলতাফ আলী চৌধুরী | | |
| (২) | | ১৭০৪ | ১৭০৮ | ০.০২০০ | | সৈয়দ হামদে আলী চৌধুরী, পিতা-মরহুম সৈয়দ মোহাম্মদ আলী চৌধুরী | | |
| (৩) | | ১৭০৪ | ১৭০৮ | ০.১১৩৬ | | সৈয়দ হামদে আলী চৌধুরী, পিতা-মরহুম সৈয়দ মোহাম্মদ আলী চৌধুরী | | |
| (৪) | | ১৭০৪ | ১৭০৮ | ০.১১৩৬ | | সৈয়দ হামদে আলী চৌধুরী, পিতা-মরহুম সৈয়দ মোহাম্মদ আলী চৌধুরী | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| (৫) | | ১৭০৪ | ১৭০৮ | ০.৮০৯১ | | ১) সৈয়দ হাম্মাদ আলী চৌধুরী<br>২) সৈয়দ হামদে আলী চৌধুরী<br>পিতা-মরহুম সৈয়দ মোহাম্মদ আলী চৌধুরী<br>সর্ব সাকিন-নবাব প্যালেস বগুড়া। | | |
| | | প্যালেস মিউজিয়ামে অন্তর্ভুক্ত সম্পত্তির পরিমাণ | | ১.৭১৭৫ | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ছানিয়া আক্তার**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ বৈশাখ ১৪২৩/০৫ মে ২০১৬

**পত্র সংখ্যা ০৩.০৬৮.০০৬.০৮.০০.১০.২০১৫-২৭১**—পিপিপি কর্তৃপক্ষের বোর্ড অব গভর্নরস এর ১ম সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ সরকারি-বেসরকারি অংশীদারিত্ব আইন, ২০১৫ এর ধারা-১০ এর আলোকে নিম্নবর্ণিত নির্বাহী বোর্ড গঠন করা হলো :

(১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব - চেয়ারম্যান
(২) সচিব, অর্থ বিভাগ - সদস্য
(৩) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ - সদস্য
(৪) সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ - সদস্য
(৫) চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড - সদস্য
(৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, পিপিপি কর্তৃপক্ষ - সদস্য সচিব

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাফিউল হাসান**
পরিচালক।

---

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**বিদ্যুৎ বিভাগ**
**সমন্বয়-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ বৈশাখ ১৪২৩/০৪ মে ২০১৬

নং ২৭.০০.০০০০.০৫২.২৮.০১২.৯৫(অংশ-২)-২৩১—বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এর রেগুলেশনের বিধি ৪৮(১) এর প্রবিধান (১) ও (৩) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের পুনর্গঠিত বিদ্যুৎ লাইসেন্স বোর্ডের সচিব পদে বর্তমানে দায়িত্বরত প্রকৌশলী মোঃ আতোয়ার রহমান মোল্লা (জ্যেষ্ঠ বিদ্যুৎ পরিদর্শক)-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত পদাধিকারবলে সচিব পদে বহাল রাখা হলো।

২। এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেহেনা আকতার**
সিনিয়র সহকারী সচিব (সম-২)।